Faruque Hassan
President

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

বিজিএ/কাস/২০২২/২৯১

১৪ ডিসেম্বর, ২০২২

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ বর্তমান অর্থনেতিক সংকটকালীন সময়ে তৈরি পোশাক খাতের রপ্তানি সক্ষমতা বজায় রাখার নিমিত্তে নীতি সহায়তা প্রদানের বিষয়ে গভর্ণর, বাংলাদেশ ব্যাংকের সাথে সভা ও আলোচনা অব্যাহত রাখা প্রসঙ্গে।**

**সূত্র ঃ** পত্র নং-বিজিএ/কাস/২০২২/৮৩৯০, তারিখঃ ০১/১১/ ২০২২ ইং

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা অবগত আছেন যে, রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পখাত করোনা অতিমারী ও করোনা পরবর্তী রাশিয়া-ইউক্রেন যুদ্ধের ফলে গভীর সংকটের মধ্যে পড়েছে। বাংলাদেশ ব্যাংকের সার্বিক সহযোগিতায় আমরা করোনাকালীন সময়ে অনেক ব্যাংকিং সমস্যা থেকে উত্তোরণ করতে সক্ষম হয়েছি। পরবর্তী সময়েও বাংলাদেশ ব্যাংকের সাথে আমাদের বিভিন্ন সময়ে সভা ও আলোচনা হয়েছে। যার ফলশ্রুতিতে বাংলাদেশ ব্যাংক অনেক ক্ষেত্রে নীতি সহায়তা দিয়ে তৈরি পোশাক শিল্পখাত'কে তথা রপ্তানি বাণিজ্যকে চলমান রাখার জন্য সহায়তা প্রদান করে যাচ্ছে।

রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে এবং বর্তমান বিশ্বঅর্থনৈতিক বিপর্যয়ের ফলে সৃষ্ট বিরাজমান কিছু ব্যাংকিং বিষয় নিয়ে আমরা গত ০১/১১/২০২২ইং তারিখে গভর্ণর, বাংলাদেশ ব্যাংক বরাবর সূত্রোক্ত পত্রটি প্রেরণ করি। উক্ত বিষয়গুলো নিয়ে আমি ব্যক্তিগতভাবে গভর্ণরের সাথে পৃথকভাবেও আলোচনা চালিয়ে যাচ্ছি। এছাড়াও গত ১২/১২/২০২২ইং তারিখে এফবিসিসিআই'র নেতৃত্বে সকল বাণিজ্য সংগঠনের প্রতিনিধি সমন্বয়ে গভর্ণর এর সাথে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায়ও তিনি বিরাজমান সমস্যাগুলো নিরসনের বিষয়ে বিবেচনায় নিবেন মর্মে আশ্বস্ত করেছেন।

উপরোক্ত বিষয়গুলো আপনাদের সদয় অবগতির জন্য তুলে ধরা হলো এবং সূত্রোক্ত পত্রটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

**সংযুক্তিঃ** বর্ণনামতে।



CamScanner

Faruque Hassan
President



বিজিএ/কাস/২০২২/৮৩৯০

০১ নভেম্বর, ২০২২

গভর্ণর
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল বা/এ, ঢাকা।

**বিষয়ঃ বর্তমান অর্থনৈতিক সংকটকালীন সময়ে তৈরি পোশাক খাতের রপ্তানি সক্ষমতা বজায় রাখার নিমিত্তে নীতি সহায়তা প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি। বাংলাদেশ ব্যাংকের গভর্ণর পদে দায়িত্ব গ্রহণের জন্য আপনাকে পোশাক শিল্প খাতের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জানাচ্ছি। আমরা উপলব্ধি করতে পারছি যে, আপনি একটি কঠিন সময়ে গভর্ণর হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। আমরা আশা করছি আপনার যোগ্য নেতৃত্বে দেশের সার্বিক অর্থনৈতিক অবস্থা ও রপ্তানিমুখী তৈরি পোশাক খাত এই সংকটকালীন সময় অতিক্রম করে আবার ঘুরে দাড়াতে সক্ষম হবে।

আপনি অবগত আছেন যে, রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পখাত করোনা অতিমারির কারণে গভীর সংকটের মধ্যে পড়েছিল। সরকারের সার্বিক সহযোগিতার কারণে করোনা সংকটের সময়ও আমাদের রপ্তানির ধারা চলমান ছিল। করোনাকালীন সময়ে আপনি অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব পদে থেকে এই খাতকে টিকে থাকার লড়াইয়ে বিভিন্ন নীতি সহায়তা প্রদান করেছিলেন। যার ফলে করোনাকালীন সময়েও আমাদের রপ্তানির প্রবৃদ্ধি ইতিবাচক ছিল। এছাড়াও করোনা পরবর্তী সময়ে যেভাবে আমরা অর্ডার পেয়েছিলাম আশা করেছিলাম খুব শীঘ্রই আমরা করোনা সংকটকালীন সময় অতিক্রম করতে পারবো। কারণ আমাদের রপ্তানির প্রবৃদ্ধি আশানুরূপ ছিল। কিন্তু দুঃখের বিষয় হলো করোনা সংকট থেকে উত্তরণের পূর্বেই রাশিয়া-ইউক্রেন যুদ্ধের ফলে আমরা পুনরায় আরো গভীর সংকটের মধ্যে পড়েছি। যার প্রভাব আমাদের রপ্তানি বাণিজ্যে ইতিমধ্যে দৃশ্যমান। গত সেপ্টেম্বরে রপ্তানি প্রবৃদ্ধি ঋণাত্মক ছিল এবং বর্তমানে রপ্তানির প্রবাহ অনুযায়ী দেখা যাচ্ছে যে, অক্টোবর মাসে এই ঋণাত্মক ধারা সেপ্টম্বর মাসকে'ও ছাড়িয়ে যাবে। এছাড়াও এ বছরের পরবর্তী মাসগুলোতে'ও রপ্তানি প্রবৃদ্ধির ঋণাত্মক ধারা অব্যাহত থাকবে। ইউরোপ, আমেরিকাসহ বিশ্বের বিভিন্ন দেশে মূল্যস্ফীতি চরম আকার ধারণ করেছে যার প্রভাবে শিল্পের কাঁচামালের মূল্য বৃদ্ধি পেয়েছে অস্বাভাবিক হারে। বিদেশী ক্রেতারা রপ্তানি আদেশ কমিয়ে দিয়েছে, যে সব রপ্তানি আদেশ ইতিমধ্যে দিয়েছে তা ধীরগতিতে শিপমেন্টের জন্য বলছে এবং অনেক ক্ষেত্রে রপ্তানি আদেশ বাতিল করছে। ফলে রপ্তানিকারকগণ সংকটের মধ্যে রয়েছে। ফলশ্রুতিতে কিছু সংখ্যক রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান তাদের শ্রমিক কর্মচারীদের বেতন-ভাতা সময়মতো পরিশোধ করতে পারছে না যার ফলে শ্রমিক অসন্তোষ দেখা দিচ্ছে।

আমরা আশা করছি আপনার বলিষ্ঠ নেতৃত্বে ও সার্বিক সহযোগিতার মাধ্যমে করোনাকালীন সময়ের মতো নিম্নোক্ত নীতি সহায়তাগুলো প্রদান করা হলে এ'খাত রপ্তানি সক্ষমতা বজায় রাখতে পারবেঃ

- <u>বৈদেশিক মুদ্রা বিধি শিথিলকরণঃ</u> বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক সংকটাপন্ন অবস্থা, রাশিয়া ও ইউক্রেনের মধ্যে চলমান যুদ্ধের প্রেক্ষিতে সৃষ্ট সমস্যা মোকাবেলা করে রপ্তানি বাণিজ্যের সক্ষমতা বজায় রাখার জন্য বৈদেশিক মুদ্রা বিধি শিথিলকরনের নিমিত্তে নিম্নোক্ত নীতি সহায়তা প্রদান করা একান্ত প্রয়োজনঃ

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 ...
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/F, Jhautala Road ...

Shahinur-customs

CamScanner

Faruque Hassan
President



- এফ ই সার্কুলার নং ০৮, তারিখ: ১৪/০৩/২০২১ এর মেয়াদ ৩০ শে জুন, ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা।
- EXP overdue হওয়ার ফলে বাণিজ্যিক ব্যাংক সমুহ যেনো রপ্তানীকারকদের EDF তহবিল ব্যবহার, নগদ সহায়তা এবং অন্যান্য সুযোগ সুবিধা আগামী ৩০ শে জুন, ২০২৩ পর্যন্ত অব্যাহত রাখে তার নিমিত্তে প্রয়োজনীয় নির্দেশনা জারী করা।
- রপ্তানির বৃহত্তর স্বার্থে ইডিএফ এর বিপরীতে খোলা ব্যাক টু ব্যাক এলসি'র রপ্তানিমূল্য ১৮০ দিনের পরে প্রত্যাবাসিত হলেও তা সমন্বয় করার সুযোগ প্রদান করে এফই সার্কুলার লেটার নং-২১, তারিখঃ ২৯/০৬/২০২২ইং এর প্রয়োজনীয় সংশোধন করা।

- <u>**ঋণ শ্রেনীকরণঃ**</u> মেয়াদি, তলবি, ও চলতি ঋণসহ সকল ধরনের ঋণের কিস্তি আগামী ৩০ শে জুন, ২০২৩ পর্যন্ত পরিশোধে ব্যর্থ হলে ঋণশ্রেনীকরণ না করা।

- <u>**তৈরি পোশাক শিল্পের রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তার অর্থ ছাড়করণঃ**</u> পোশাক শিল্পের সামগ্রিক উন্নয়নের ধারাকে অব্যাহত রাখার জন্য যে সকল নগদ সহায়তার আবেদন লিয়েন ব্যাংক ও বাংলাদেশ ব্যাংকে প্রক্রিয়াধীন রয়েছে তার বিপরীতে দ্রুততার সাথে অর্থ ছাড়করণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা।

- <u>**রেজিষ্টার্ড অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্ম" RJSC এ অনিবন্ধিত প্রতিষ্ঠানের অনুকূলে নিবন্ধন গ্রহনের কার্যক্রম সম্পন্ন করতে দুই বছর সময় প্রদানঃ**</u> রপ্তানির বৃহত্তম স্বার্থে RJSC এ অনিবন্ধিত প্রতিষ্ঠানের অনুকূলে নিবন্ধন গ্রহনের নিমিত্তে অন্তত ২ (দুই) বছর সময় প্রদানের করা।

এমতাবস্থায়, তৈরি পোশাক শিল্পের রপ্তানি সক্ষমতা বজায় রাখতে উপরোক্ত নীতি সহায়তাগুলো প্রদান করার নিমিত্তে আপনার সার্বিক সহায়তা কামনা করছি।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি



CamScanner